

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়
হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
১/আই, পরিবাগ, শাহবাগ, ঢাকা
www.templedu.gov.bd

নং-১৬.০৫.০০০০.১০১.১১.০৬৯.১৮.৫৬৯

তারিখ : ১৩/০৮/২০১৮ ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নধীন “মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়” শীর্ষক প্রকল্পের আওতায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদকালীন নিম্নোক্ত পদসমূহ পূরণের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	সর্বোচ্চ বয়স (বছর)	সাকুল্যে বেতন	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং অন্যান্য প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৪	৫	৬
০১।	উপ প্রকল্প পরিচালক (গ্রেড-৬) মূল বেতন-৩৫,৫০০/-	০২	৪৫	৫৬,৫২৫.০০	১. দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। ২. সরকারী অথবা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ১ম শ্রেণীর কর্মকর্তা হিসেবে ০৮ বৎসরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৩. প্রার্থীকে অবশ্যই সনাতন ধর্মের অনুসারী/জ্ঞান থাকতে হবে।
০২।	সহকারী প্রকল্প পরিচালক (গ্রেড-৯) মূল বেতন-২২,০০০/-	১৩	৩০	৩৫,৬০০.০০/ ৩৩,৪০০.০০/ ৩২,৩০০.০০	১. দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা এইচ.এস.সি এর পরে ০৪(চার) বৎসরের ডিগ্রী। ২. সনাতন ধর্মাবলম্বী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
০৩।	মাস্টার ট্রেইনার কাম ফ্যাসিলিটের (গ্রেড-১০) মূল বেতন-১৬,০০০/-	০২	৩০	২৭,১০০.০০/ ২৫,৫০০.০০	১. স্নাতকোত্তর ডিগ্রী। ২. যে সকল প্রার্থীর ToT/B-Ed/C-in-Ed এবং প্রশিক্ষক হিসেবে সনদ রয়েছে তাদের অগ্রাধিকার দেয়া হবে। ৩. প্রার্থীর বাংলা ও ইংরেজী ভাষায় ভালো জ্ঞান থাকতে হবে। ৪. যে কোন কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রে ০৩ (তিন) মাস প্রশিক্ষণ গ্রহণের সনদ থাকতে হবে। ৫. প্রার্থীকে অবশ্যই সনাতন ধর্মের অনুসারী/জ্ঞান থাকতে হবে।
০৪।	কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) মূল বেতন ১১,০০০/-	১৩	৩০	১৯,৬০০.০০ ১৮,৫০০.০০ ১৭,৯৫০.০০	১. স্নাতক ডিগ্রী। ২. কম্পিউটার চালনা কাজে ০২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৩. যে কোন কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রে হতে ৩ মাসের কম্পিউটার প্রশিক্ষণ থাকতে হবে।
০৫।	ফিল্ড সুপারভাইজার (গ্রেড-১৩) মূল বেতন ১১,০০০/-	১৬	৩০	১৯,৬০০.০০ ১৮,৫০০.০০ ১৭,৯৫০.০০	১. স্নাতক ডিগ্রী ২. মটর সাইকেল চালানোয় পারদর্শী হতে হবে।

শর্তাবলীঃ

০১। জনপ্রশাসন মন্ত্রণালয় (www.mopa.gov.bd) কর্তৃক প্রণীত নিয়োগ আবেদন ফরমে ০১, ০২ ও ০৩নং ক্রমিকে বর্ণিত পদের জন্য সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে এবং ৪ ও ৫ নং ক্রমিকের পদের জন্য প্রকল্প পরিচালক, মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়, ১/আই, পরিবাগ, শাহবাগ, ঢাকা বরাবরে আবেদন করতে হবে।

- ০২। সকল পদের আবেদনপত্র আগামী ৩০/০৮/২০১৮ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে “মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়” শীর্ষক প্রকল্প, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ১/আই, পরিবাগ, শাহবাগ, ঢাকা অফিসে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে অথবা সরাসরি পৌঁছাতে হবে।
- ০৩। আবেদনপত্রের সাথে “মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়” শীর্ষক প্রকল্পের অনকুলে ০১, ০২ ও ০৩নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ৪ ও ৫ নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।
- ০৪। অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। আবেদনে বর্ণিত তথ্যের স্বপক্ষে সকল প্রকার মূল সনদপত্র (অভিজ্ঞতার মূল সনদসহ) মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
- ০৫। আবেদন ফরমে বর্ণিত পরিমাপের (৫ সে.মি.×৫ সে.মি.) সদ্য তোলা ০২(দুই) কপি ছবি সংযুক্ত করতে হবে।
- ০৬। নির্ধারিত ফরম ব্যতিত আবেদনপত্র এবং ক্রটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ০৭। সরকারী অথবা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/প্রকল্পে চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ০৮। উপযুক্ত প্রার্থীদের লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রার্থীদের প্রদত্ত যোগাযোগের ঠিকানায় চিঠির মাধ্যমে জানানো হবে। আবেদনকারীর বর্তমান পত্র যোগাযোগের ঠিকানা সম্বলিত ০৬(ছয়) টাকার অব্যবহৃত ডাকটিকিটসহ ৪.৫'×৯.৫' সাইজের একটি খাম এবং মোবাইল/ই-মেইল নম্বর আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৯। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদ্বির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ, বাছাই ও বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১০। প্রার্থীর বয়স ৩০/০৮/২০১৮ তারিখে ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও পুত্র/কন্যার পুত্র/কন্যা এবং প্রতিবন্ধীর ক্ষেত্রে সরকারী বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ১১। প্রার্থীদেরকে দরখাস্তের খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।
- ১২। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।



(রঞ্জিত কুমার দাস)

প্রকল্প পরিচালক

মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়